

লয়ে চল

কুটিল কুপথ ধরিয়া দুরে সরিয়া, আছি পড়িয়া হে;-
বুধ-মঙ্গল-কেতু,-আর দেখিনে,-
কিসে ফেলিল যেন গো আবরিয়া ।
(এই) দীর্ঘ-প্রবাস -যামিনী, আমারে
ডুবায় রাখিল তিমিরে;
(আর) প্রভাত হ'ল না, আঁধার গেল না,
আলোক দিল না মিহিরে হে;
কবে আসিআছি, কেন আসিআছি,
কোথা আসিআছি, গেছি পাশরিয়া
(আমি) তোমারি পতাকা করিয়া লক্ষ্য,
আসিআছি গৃহ ছারিয়া;
(আমায়) কন্টক বনে কে লইল টানি'
পাথায় লইল কারিয়া হে;
যদি জাগিতেছ, প্রভু দেখিতেছ,-
তবে, লয়ে চল আলো বিতরিয়া ।